ব্যারিস্টার খোকনের সঙ্গে উচ্চবাচ্য, এজলাস ছাড়লেন প্রধান বিচারপতিসহ আপিল বিভাগ



ছবি: সংগৃহীত

সুপ্রিম কোর্ট বারের সভাপতি ও নোয়াখালী-১ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকনের সঙ্গে উচ্চবাচ্যের ঘটনায় এজলাস ছেড়ে চলে গেছেন প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীর নেতৃত্বাধীন আপিল বিভাগের পুরো বেঞ্চ।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) দুপুরে প্রধান বিচারপতির এজলাসে একটি মামলার শুনানি চলাকালে এ ঘটনা ঘটে।

শুনানির একপর্যায়ে হঠাৎ মাহবুব উদ্দিন খোকন মন্তব্য করেন, জুবায়ের রহমান চৌধুরী প্রধান বিচারপতি হওয়ার পর আইনজীবীদের আয়-রোজগার কমে গেছে।

তার এই মন্তব্যের পর প্রধান বিচারপতি পাল্টা প্রশ্ন করেন। এরপর দুজনের মধ্যে পাল্টাপাল্টি কথোপকথন ও উচ্চবাচ্য শুরু হয়।

একপর্যায়ে প্রধান বিচারপতির নেতৃত্বে আপিল বিভাগের পুরো বেঞ্চ এজলাস ছেড়ে চলে যায়। এ প্রতিবেদন লেখা পর্যন্ত আপিল বিভাগের বিচারপতিরা আর এজলাসে বসেননি।

LENS ASIA